

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং — ৩/২০১২

তারিখ : ১৩ নভেম্বর, ২০১২
২৯ কার্তিক, ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজের মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আরোপ প্রসঙ্গে।

আপনারা অবগত আছেন যে, বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর দুটি Component বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এবং বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) এর মাধ্যমে বিগত দু'বছর যাবৎ গ্রাহকেরা উন্নততর ব্যাংকিং ও অর্থ পরিশোধ সেবা লাভ করে আসছেন। BACPS এর আওতায় হাই ভ্যালু ও রেগুলার ভ্যালু চেক ক্লিয়ারিং এবং BEFTN এর আওতায় ইলেক্ট্রনিক ডেবিট ও ক্রেডিট লেনদেন পরিচালিত হচ্ছে। বৃটিশ সরকারের আর্থিক সহায়তায় সিস্টেম দু'টি স্থাপন করা হলেও এর পরিচালন ব্যয় বাংলাদেশ ব্যাংক নিজস্ব উৎস হতে নির্বাহ করে আসছে। অটোমেটেড ক্লিয়ারিং হাউজ এর সুষ্ঠু পরিচালনার স্বার্থে এর রক্ষণাবেক্ষন ও পরিচালন ব্যয় নির্বাহের লক্ষ্যে BACH এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর নিম্নলিখিত হারে সার্ভিস চার্জ ধার্য করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যা প্রাথমিকভাবে পহেলা জানুয়ারী ২০১৩ হতে পরবর্তী ১ বছরের জন্য কার্যকর থাকবে :

ক্রমিক	লেনদেনের ধরন	উপস্থাপনকারী ব্যাংকের নিকট হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদায়যোগ্য	উপস্থাপনকারী ব্যাংক কর্তৃক গ্রাহকের নিকট হতে সর্বোচ্চ আদায়যোগ্য
০১।	হাই ভ্যালু চেক ক্লিয়ারিং	₹ ২৫.০০ (+ ভ্যাট)	₹ ৫০.০০ (+ ভ্যাট)
০২।	রেগুলার ভ্যালু চেক ক্লিয়ারিং	₹ ৫.০০ (+ ভ্যাট)	₹ ৭.০০ (+ ভ্যাট)
০৩।	যে কোন EFT লেনদেন	₹ ৫.০০ (+ ভ্যাট)	₹ ৭.০০ (+ ভ্যাট)

উল্লেখ্য যে, উভয় ধরনের লেনদেনের Return এন্ট্রি এবং EFT লেনদেনে Prenote ও NOC ব্যতীত অটোমেটেড ক্লিয়ারিং হাউজের মাধ্যমে সম্পাদিত প্রতিটি লেনদেনের জন্য উপরোক্ত চার্জ প্রযোজ্য হবে। চেক লেনদেনের ক্ষেত্রে ধার্যকৃত চার্জ চেকের Payee এবং EFT লেনদেনের ক্ষেত্রে Originator এর নিকট হতে আদায় করা যাবে। তবে গ্রাহকদের চার্জ না করে ব্যাংকগুলো নিজস্ব উৎস হতেও বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদায়যোগ্য চার্জ পরিশোধ করতে পারে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হুমায়ুন কবীর)

মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১৭৪